



স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি

ভর্তি বিজ্ঞপ্তি

ব্যাচেলর অব সায়েন্স ইন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) প্রোগ্রামে ভর্তির প্রয়োজনীয় তথ্যাবলী

শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির ব্যাচেলর অব সায়েন্স ইন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) প্রোগ্রামে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে (১১তম ব্যাচ) ২৫১ টার্ম ১ম বর্ষ ১ম সেমিস্টারে ভর্তির জন্য ২০২৪ সন বা তৎপূর্বে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আত্মহী শিক্ষার্থীদের নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

আবেদনের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা

- (ক) পদার্থ বিজ্ঞান ও গণিত/উচ্চতর গণিতসহ বিজ্ঞান বিভাগে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় পৃথকভাবে জিপিএ ৩.০ (স্কেল-৫)/ দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে এবং এইচএসসি/সমমান পরীক্ষায় পদার্থ বিজ্ঞানে ও গণিত/উচ্চতর গণিতে ন্যূনতম জিপিএ ৩.০ (স্কেল-৫)/৫০% নম্বর থাকতে হবে।
- (খ) কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ডিপ্লোমা উত্তীর্ণ শিক্ষার্থীরা ন্যূনতম ২.৫০ (স্কেল-৪) / দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে এবং পদার্থ বিজ্ঞান ও গণিতে ন্যূনতম জিপিএ ২.৫ (স্কেল-৪)/ ৫০% নম্বর থাকতে হবে।
- (গ) বাউবির ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশন (ডিসিএসএ) প্রোগ্রামে উত্তীর্ণ শিক্ষার্থীরাও আবেদন করতে পারবে। তবে এইচএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

অনলাইনে আবেদন প্রক্রিয়া

- (ক) যে কোন ব্রাউজারের Address bar-এ <https://osapsnew.bou.ac.bd> টাইপ করে ব্রাউজ করুন। Offered Programs সেকশনের অধীনে School of Science and Technology (SST)-এ ক্লিক করে Bachelor of Science in Computer Science and Engineering (CSE) প্রোগ্রামের পাশে প্রদর্শিত Apply Now বাটনে ক্লিক করুন। CSE প্রোগ্রামে ভর্তি নির্দেশাবলী গুরুত্ব সহকারে পড়ে পুনরায় Apply বাটনে ক্লিক করুন।
- (খ) অনলাইনে আবেদন ফরমটির General Information ধাপ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করুন। Personal Information ধাপ যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা ছবি (300x300 Pixel JPG Format) এবং আপনার স্ক্যান করা স্বাক্ষর (300x100 Pixel JPG Format) আপলোড করে Next বাটন ক্লিক করুন।
- (গ) Academic Record ধাপে আপনার শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ করে Finish বাটনে ক্লিক করুন। সঠিকভাবে ফরম পূরণ শেষে আপনার মোবাইলে SMS এবং ইমেইলে Temporary User ID ও Password প্রেরণ করা হবে।
- (ঘ) Proceed to Payment বাটনে ক্লিক করার পর প্রদর্শিত Online Payment Gateway সমূহ থেকে যে কোনোটির মাধ্যমে ফি জমা দেয়া যাবে। সফলভাবে ফি জমাদান শেষে "Payment has been completed successfully" ম্যাসেজ প্রদর্শিত হবে এবং SMS ও ইমেইলের মাধ্যমে অবহিত করা হবে।
- (ঙ) আবেদন ফি ১০০০/- (এক হাজার) টাকা ও অনলাইন চার্জ আবেদনকারী বহন করবেন। যে কোনো সমস্যা সমাধানের জন্য আপনার User ID, Password, Transaction ID এবং Phone Number সংরক্ষণ করুন।

ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তারিখসমূহ

■ আবেদনের সময়	: ২৯-০৮-২০২৫ থেকে ১৭-১০-২০২৫
■ মনোনীত প্রার্থী তালিকা প্রকাশ	: ২১-১০-২০২৫; সকাল ১১টা
■ প্রবেশপত্র সংগ্রহ (অনলাইনে)	: ২২-১০-২০২৫ থেকে ২৪-১০-২০২৫
■ ভর্তি পরীক্ষার (লিখিত) তারিখ, সময় ও স্থান	: ২৫-১০-২০২৫; সকাল ১০.০০ টা; বাউবি ক্যাম্পাস, গাজীপুর
■ ভর্তি পরীক্ষার (লিখিত) ফলাফল প্রকাশ	: ০৩-১১-২০২৫; সকাল ১১টা
■ লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের সাক্ষাৎকার	: ০৫-১১-২০২৫ থেকে ০৬-১১-২০২৫
■ চূড়ান্তভাবে মনোনীত প্রার্থী তালিকা প্রকাশ	: ১২-১১-২০২৫; সকাল ১১টা
■ মেধা অনুযায়ী ভর্তি	: ১৭-১১-২০২৫ থেকে ১৭-১২-২০২৫
■ অপেক্ষাকার তালিকা হতে ভর্তি	: ১৮-১২-২০২৫ থেকে ১৯-১২-২০২৫
■ ওরিয়েন্টেশন	: ০২-০১-২০২৬
■ ক্লাস শুরু	: ০৩-০১-২০২৬

ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রের ধরণ, বিষয় ও নম্বর বিভাজন
(উচ্চ মাধ্যমিক সিলেবাস অনুযায়ী)

প্রশ্নপত্রের ধরণ	বিষয়	নম্বর
এমসিকিউ	পদার্থ বিজ্ঞান	২৫
	গণিত	২৫
বর্ণনামূলক	পদার্থ বিজ্ঞান	১০
	গণিত	১০
লিখন দক্ষতা যাচাই	বাংলা	৫
	ইংরেজি	৫
এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বরের আনুপাতিক হার	-	১০
মৌখিক পরীক্ষা	-	১০
	সর্বমোট	১০০

Admit Card ডাউনলোড প্রক্রিয়া (মনোনীত প্রার্থী তালিকায় নাম থাকা সাপেক্ষে)

- ক) Admit Card ডাউনলোড করতে OSAPS (<https://osapsnew.bou.ac.bd>) এ User ID এবং Password দিয়ে লগ ইন করুন।
- খ) Download/Print বাটনে ক্লিক করে আপনার Admit Card A4 সাইজ অফসেট কাগজে প্রিন্ট করে সংরক্ষণ করুন এবং ভর্তি ও মৌখিক পরীক্ষার দিন সাথে রাখুন। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য Admit Card বাধ্যতামূলক।

স্ট্যাডি সেন্টারসমূহ

০১. ঢাকা আঞ্চলিক কেন্দ্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)
০২. সিএসই বিভাগ, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট)

ভর্তি সংক্রান্ত তথ্য

জনাব মো: শরিফুল ইসলাম মৃধা, মোবাইল: ০১৭৬৩৭২১৭৭৭
(অফিস চলাকালীন সময় সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত)

অনলাইন আবেদন সংক্রান্ত

OSAPS -এর হেল্পলাইন: 01618-977237, 01907-451612
(অফিস চলাকালীন সময় সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত)
অথবা ইমেইল: help.osaps@bou.ac.bd

অধ্যাপক ড. মো: আব্দুল মজিদ মন্ডল
ডিন, এসএসসি, বাউবি
ও
সভাপতি, ভর্তি কমিটি
বিএসসি ইন সিএসই প্রোগ্রাম
২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ।

অসম্পূর্ণ, ভুল এবং মিথ্যা তথ্য প্রদান প্রমাণিত হলে ভর্তি কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।